**Chittagong Dry Dock Limited**
Bangladesh Navy
East Patenga, Chattogram, Bangladesh
Phone: +880-233330116, Mobile: +8801769744438
Fax: +880-233-3301123, E-mail: hroic@cddl.gov.bd, Website: www.cddl.gov.bd

২৩.০২.১৫৬৫.৩৪১.১১.০০১.২২. ২৬৫

১৯ ফাল্গুন ১৪২৮
০৪ মার্চ ২০২২

## নিয়োগ বিজ্ঞপ্তি

চিটাগাং ড্রাই ডক লিমিটেড, বাংলাদেশ নৌবাহিনী, পূর্ব পতেঙ্গা, চট্টগ্রাম এর জন্য নিম্নোক্ত পদে **চুক্তিভিত্তিক নিয়োগের** নিমিত্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রঃ | পদের নাম | পদ সংখ্যা | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১। | সহকারী প্রকল্প ব্যবস্থাপক (জাতীয় বেতন স্কেল-২০১৫ গ্রেড- ০৯ ) | ০১ | অনূর্ধ্ব ৪৫ বছর। | ক। সরকার কর্তৃক স্বীকৃত ইনস্টিটিউট হতে পুরকৌশল বিষয়ে ডিপ্লোমা ডিগ্রি (০৪ বছর মেয়াদি)।<br>খ। কোন স্বনামধন্য পূর্ত নির্মাণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ন্যূনতম ১৫ বছর মাঠ পর্যায়ে প্রকল্প তদারকির বাস্তব অভিজ্ঞতা। |
| ২। | উপ-সহকারী প্রকৌশলী (পুর) (জাতীয় বেতন স্কেল-২০১৫ গ্রেড- ১০ ) | ০১ | অনূর্ধ্ব ৪০ বছর। | ক। সরকার কর্তৃক স্বীকৃত ইনস্টিটিউট হতে পুরকৌশল বিষয়ে ডিপ্লোমা ডিগ্রি (০৪ বছর মেয়াদি)।<br>খ। কোন স্বনামধন্য পূর্ত নির্মাণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ন্যূনতম ১০ বছর মাঠ পর্যায়ে প্রকল্প তদারকির বাস্তব অভিজ্ঞতা। |
| ৩। | সহকারী প্রকৌশলী (নৌস্থপতি) (জাতীয় বেতন স্কেল-২০১৫ গ্রেড- ০৯ ) | ০১ | অনূর্ধ্ব ৩০ বছর। (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য) | ক। সরকার কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নৌযান ও নৌযন্ত্রকৌশলে স্নাতক ডিগ্রি। সিজিপিএ ন্যূনতম ৩.০০।<br>খ। জাহাজ নকশা কাজে অভিজ্ঞতা এবং নকশা সংক্রান্ত সফটওয়্যার ব্যবহারে পারদর্শীতা অগ্রাধিকারযোগ্য। |
| ৪। | সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) (জাতীয় বেতন স্কেল-২০১৫ গ্রেড- ০৯ ) | ০২ | অনূর্ধ্ব ৩০ বছর। (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য) | ক। সরকার কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যন্ত্রকৌশল/সমতুল্য বিষয়ে স্নাতক ডিগ্রি। সিজিপিএ ন্যূনতম ৩.০০।<br>খ। জাহাজ নির্মাণ/ মেরামত কাজে অভিজ্ঞতা এবং নকশা সংক্রান্ত সফটওয়্যার ব্যবহারে পারদর্শীতা অগ্রাধিকারযোগ্য। |
| ৫। | সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) (জাতীয় বেতন স্কেল-২০১৫ গ্রেড-০৯) | ০১ | অনূর্ধ্ব ৩০ বছর। (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য)। | ক। সরকার কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যন্ত্রকৌশল/শিল্প ও উৎপাদন প্রকৌশল/ সমতুল্য বিষয়ে স্নাতক ডিগ্রি। সিজিপিএ ন্যূনতম ৩.০০।<br>খ। যে কোন ডকইয়ার্ড/শিপইয়ার্ড এ চাকরির অভিজ্ঞতা অথবা সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট, প্রকিউরমেন্ট ও স্টোর ম্যানেজমেন্ট এ অভিজ্ঞতা অগ্রাধিকারযোগ্য। |
| ৬। | সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল/ ইলেকট্রনিক্স) (জাতীয় বেতন স্কেল-২০১৫ গ্রেড- ০৯ ) | ০১ | ন্যূনতম ৪০ বছর। | ক। সরকার কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইলেকট্রিক্যাল/ ইলেকট্রনিক্স প্রকৌশল/ সমতুল্য বিষয়ে স্নাতক ডিগ্রি অথবা<br>খ। সরকার কর্তৃক স্বীকৃত ইনস্টিটিউট হতে ইলেকট্রিক্যাল/ ইলেকট্রনিক্স/সমতুল্য বিষয়ে ডিপ্লোমা ডিগ্রি (০৪ বছর মেয়াদি) এবং সংশ্লিষ্ট জাহাজ মেরামত/ নির্মাণ/ রক্ষণাবেক্ষণ শাখায় ন্যূনতম ০৫ বছরের অভিজ্ঞতা।<br>গ। উভয়ক্ষেত্রে জাহাজের নেভিগেশন ইকুইপমেন্ট, যোগাযোগ ইকুইপমেন্ট ও কন্ট্রোল সিস্টেম ইত্যাদি মেরামত কাজে অভিজ্ঞতা ও পারদর্শীতা অগ্রাধিকারযোগ্য। |
| ৭। | উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রনিক্স) (জাতীয় বেতন স্কেল-২০১৫ গ্রেড- ১০ ) | ০১ | অনূর্ধ্ব ৩০ বছর। (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য)। | ক। সরকার কর্তৃক স্বীকৃত ইনস্টিটিউট হতে ইলেকট্রনিক্স/ সমতুল্য বিষয়ে ডিপ্লোমা ডিগ্রি (০৪ বছর মেয়াদি)। সিজিপিএ ন্যূনতম ৩.০০।<br>খ। পিএলসি, জাহাজের নেভিগেশন ইকুইপমেন্ট, যোগাযোগ ইকুইপমেন্ট ও কন্ট্রোল সিস্টেম ইত্যাদি মেরামত কাজে দক্ষতা ও অভিজ্ঞতা অগ্রাধিকারযোগ্য। |

আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ ও সময়: **২০ মার্চ ২০২২ বিকাল ৪.৩০ ঘটিকা।** আবেদনের অন্যান্য নিয়মাবলীসহ বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন প্রতিষ্ঠানের ওয়েবসাইট **www.cddl.gov.bd/available-jobs/**

ক্যাপ্টেন মোঃ হানিফ মাহমুদ
পক্ষে ব্যবস্থাপনা পরিচালক

Scanned with CamScanner

Chittagong Dry Dock Limited
Bangladesh Navy
East Patenga, Chattogram, Bangladesh
Phone: +880-233330116, Mobile: +8801769744438
Fax: +880-233-3301123, E-mail: hroic@cddl.gov.bd, Website: www.cddl.gov.bd

**নিয়মাবলী:**

১। প্রার্থীকে অবশ্যই জন্মসুত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

২। খামের উপর আবেদনকৃত পদের নাম এবং বিজ্ঞপ্তির সূত্র নম্বর উল্লেখ করতে হবে।

৩। চাকরির জন্য নির্ধারিত আবেদন ফরম প্রতিষ্ঠান হতে সরাসরি সংগ্রহ করা যাবে। এছাড়া প্রতিষ্ঠানের ওয়েবসাইট (www.cddl.gov.bd) হতেও আবেদন ফরমটি ডাউনলোড করে আবেদন করা যাবে।

৪। প্রার্থীকে সঠিকভাবে পুরণকৃত আবেদন ফরমের সাথে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙ্গীন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয় পত্র এবং অভিজ্ঞতা সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) এর কপি সংযুক্ত করতে হবে। এছাড়া, আবেদন ফরমের সাথে "চিটাগাং ড্রাই ডক লিমিটেড, বাংলাদেশ নৌবাহিনী" বরাবর টাকা ৩০০.০০ (টাকা তিনশত মাত্র) মূল্যের অফেরতযোগ্য পে-অর্ডার এর মূল কপি অবশ্যই সংযুক্ত করতে হবে।

৫। প্রতিষ্ঠানের ওয়েবসাইটের Career অপশনে গিয়ে Apply Online এর মাধ্যমেও সরাসরি আবেদন করা যাবে। এক্ষেত্রে প্রয়োজনীয় দলিলাদি স্ক্যান করে সঠিকভাবে সংযুক্ত করতে হবে এবং প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙ্গীন ছবি ও পে-অর্ডার এর মূল কপি পরীক্ষার দিন জমা প্রদান করতে হবে।

৬। পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয় পত্র এবং অভিজ্ঞতা সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) এর মূলকপি সাথে আনতে হবে। সংগত কারনে শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি গ্রহণযোগ্য।

৭। কোন প্রার্থী সরকারি/রাষ্ট্রায়ত্ত/স্বায়ত্তশাসিত/সমধর্মী প্রতিষ্ঠানে চাকরিরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে সংগৃহীত অনাপত্তিপত্র আবেদন ফরমের সাথে জমা প্রদান করতে হবে এবং মূল কপিটি পরীক্ষার দিন সাথে আনতে হবে।

৮। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৯। যে সকল আবেদনকারীর আবেদন প্রাথমিক বাছাইয়ের পর গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে, তাদেরকে পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য অবহিত করা হবে। তবে পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনরূপ যাতায়াত কিংবা দৈনিক ভাতা প্রদান করা হবে না।

১০। প্রাথমিক বাছাই এবং চূড়ান্ত পরীক্ষায় প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে সিডিডিএল এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো আবেদন বাতিল করার অধিকার সিডিডিএল সংরক্ষণ করে।

১১। বিজ্ঞপ্তিতে বর্ণিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি বা বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল/প্রত্যাহারের সর্বস্বত্ত অধিকার সিডিডিএল সংরক্ষণ করে।

১২। কোন প্রার্থী সিডিডিএল এর চাকরি থেকে বহিস্কৃত হলে তিনি চাকরিতে আবেদনের অযোগ্য হিসেবে বিবেচিত হবেন।

১৩। অত্র প্রতিষ্ঠানে প্রচলিত চুক্তিভিত্তিক শ্রমিক-কর্মচারীদের জন্য প্রযোজ্য বেতন কাঠামো অনুযায়ী বেতন, ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রদান করা হবে।

মোঃ হানিফ মাহমুদ
ক্যাপ্টেন বিএন
পক্ষে ব্যবস্থাপনা পরিচালক

Scanned with CamScanner